**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৫.২০-২৯৬

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

**বিষয়: আগামী ২৬ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠেয় পৌরসভার বিভিন্ন নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী **২৬ জুন ২০২৪** তারিখে ০১টি পৌরসভার (নারায়নগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভা) সাধারণ, ০১টি পৌরসভার (বরিশাল জেলার গৌরনদী পৌরসভা) মেয়রের শূন্যপদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। এছাড়া একই তারিখে ০৩টি পৌরসভার বিভিন্ন ওয়ার্ড কাউন্সিলরের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে (তালিকা সংযুক্ত)। উল্লিখিত নির্বাচন উপলক্ষে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সেলে ব্রিগেডিয়ার জেনারেল আবুল হাসনাত মোহাম্মদ সায়েম, প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প-২ (২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর নেতৃত্বে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেন:

১. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
২. পুলিশ হেডকোয়াটার্সের পুলিশ সুপার/অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
৩. বিজিবি/কোস্টগার্ড/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপির উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা; এবং
৪. আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার/সহকারি পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা

০২। নির্বাচন কমিশন সচিবালয়ের মনিটরিং সেল (কক্ষ নং-৪১৭) ৪র্থ তলা, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-এ স্থাপিত উল্লিখিত সেল-এর কার্যক্রম হবে **২৬ জুন ২০২৪** তারিখ অর্থ্যাৎ **ভোটগ্রহণের দিন** সকাল ৮.০০ টা হতে। সেলের কর্মপরিধি নিম্নরূপ:

(ক) নির্বাচনের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবগতকরণ;
(খ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইনশৃঙ্খলা সদস্যদের অবস্থান ও সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;
(গ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;
(ঘ) বিভিন্ন নির্বাচনি মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান;
(ঙ) সংস্থার নিজস্ব যোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা তাৎক্ষণিকভাবে মাঠ পর্যায়ে নিয়োজিত বাহিনীকে অবহিতকরণ;
(চ) রিটার্নিং অফিসার এর কার্যালয় থেকে স্ব-স্ব নির্বাচনি এলাকাসমূহের আইনশৃঙ্খলা বিষয়ক ঘটনাবলী নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক পরিচালিত “আইনশৃঙ্খলা মনিটরিং Apps” এ তাৎক্ষনিকভাবে এন্ট্রিকরত: নির্বাচন কমিশনে গঠিত কেন্দ্রিয় মনিটরিং সেলে প্রেরণ করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয়ে স্থাপিত উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের জন্য কর্মকর্তা প্রেরণ এবং এ বিষয়ে কোন কিছুর জানার প্রয়োজন হলে মেজর মোঃ মামুনুর রশিদ, মোবাইল নম্বর: ০১৭৬৯১৯৮৮৪৪ এর সাথে যোগাযোগ করার জন্যও অনুরোধ করা হলো।

24/6/2024

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩। মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব)/আনসার ও ভিডিপি/অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা, ঢাকা
৪। প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প (২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১৫.২০-২৯৭

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১ / ২৪ জুন ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব/সচিব, ........................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. বিভাগীয় কমিশনার, ................................. (সংশ্লিষ্ট)
৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৫. জেলা প্রশাসক, ................................. (সংশ্লিষ্ট)
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..............................(সংশ্লিষ্ট) অঞ্চল
৭. পুলিশ সুপার, ................................. (সংশ্লিষ্ট)
৮. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.......................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
৯. উপজেলা নির্বাহী অফিসার,.............................. (সংশ্লিষ্ট)
১০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১১. মাননীয় নির্বাচন কমিশনার জনাব,........................................- একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩. সহকারী সচিব (সাধারণ সেবা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সম্মেলন কক্ষ প্রস্তুত, টেলিফোন ও ফ্যাক্স সংযোগ এবং আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৪. উপজেলা নির্বাচন অফিসার,............................ (সংশ্লিষ্ট)।

24.06.2024

( মোহাম্মদ আশ্রাফুল আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০

# ২৬ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠেয় বিভিন্ন নির্বাচন সংক্রান্ত তথ্য

(সকল পৌরসভায় ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে)

## ০১টি পৌরসভা সাধারণ নির্বাচন

| ক্রম. | পৌরসভার নাম | ভোটগ্রহণের তারিখ |
|---|---|---|
| ১. | নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন | ২৬ জুন ২০২৪ |

## ০১টি পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন

| ক্রম. | পৌরসভার নাম | ভোটগ্রহণের তারিখ |
|---|---|---|
| ১. | বরিশাল জেলার গৌরনদী পৌরসভার মেয়রের শূন্য পদ | ২৬ জুন ২০২৪ |

## ০৩টি পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের শূন্য পদে উপনির্বাচন

| ক্রম. | পৌরসভার নাম | ভোটগ্রহণের তারিখ |
|---|---|---|
| ১. | রাজবাড়ী জেলার পাংশা পৌরসভার ৪নং সাধারণ আসনের কাউন্সিলরের শূন্য পদ | **২৬ জুন ২০২৪** |
| ২. | জামালপুর জেলার মেলান্দহ পৌরসভার ৯নং সাধারণ আসনের কাউন্সিলরের শূন্য পদ | |
| ৩. | শেরপুর জেলার নকলা পৌরসভার ১নং সাধারণ আসনের কাউন্সিলরের শূন্য পদ | |

24.06.2024

মোহাম্মদ আশ্রাফুল আলম
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।